গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.mofl.gov.bd

**সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম এ আকমল হোসেন আজাদ<br>সিনিয়র সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ১৯ ডিসেম্বর ২০২৪, সকাল ১১.৩০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট-ক) |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) গত ২৯ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন/পরিমার্জন/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ হয়।

২। মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাভিত্তিক সমন্বয়-সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কার্যক্রম | উপস্থিত দপ্তর/সংস্থা প্রধানগণ জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং যথারীতি তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় ২০২৪-২৫ অর্থবছরের এপিএ চুক্তি অনুযায়ী দপ্তর/সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে পরিবীক্ষণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ কর্মপরিকল্পনায় নির্ধারিত কর্মসূচক শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে সময়াবদ্ধ কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে পরিবীক্ষণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধানগণ/ এপিএ ফোকাল পয়েন্ট |
| ২.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য SDG বাস্তবায়ন | যুগ্মসচিব (প্রশাসন) জানান, মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত সূচক: ১৪.২.১, ১৪.৪.১, ১৪.৫.১, ১৪.৬.১, ১৪.৭.১, ১৪বি(লীড) ২.৫.২(লীড) মোট ০৭টি সূচক এবং (কো-লীড) ২.৩.১, ২.৫.১ উল্লিখিত সূচকসমূহের উপর সুস্পষ্ট অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা প্রয়োজন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) বলেন, যেহেতু SDG এবং দোহা প্ল্যান অব এ্যাকশন পারস্পরিক সম্পর্কযুক্ত সেহেতু দপ্তর/সংস্থার প্রতিবেদন প্রেরণে দোহা প্ল্যান অব এ্যাকশন এর সর্বশেষ তথ্য সংযোজনকরত: প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন। | প্রধান উপদেষ্টার কার্যালয় হতে SDG কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনার আলোকে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ দপ্তর/সংস্থা প্রধানগণ/ উপসচিব (মৎস্য পরিকল্পনা-১/২/৩) |
| ২.৩ | সেবা-পদ্ধতি সহজিকরণ | সভাপতি মহোদয় বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল প্রদত্ত সেবাসমূহের উপর প্রেজেন্টেশন আগামী ১৫ কার্যদিবসের মধ্যে উপস্থাপন এবং দপ্তর/সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত সেবাসমূহ নিয়ে কর্মশালা জানুয়ারি/২০২৫ এর মাঝামাঝি | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের প্রদত্ত সেবাসমূহের উপর প্রেজেন্টেশন সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানের সাথে সমন্বয়পূর্বক আগামী ১৫ | সংস্থা প্রধান/ সিস্টেম এনালিস্ট |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সময়ে আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | কার্যদিবসের হবে এবং দপ্তর/সংস্থার ইতোপূর্বে বাস্তবায়িত সেবাসমূহ নিয়ে কর্মশালা জানুয়ারি/২০২৫ এর মাঝামাঝি সময়ে আয়োজন করতে হবে। | |
| ২.৪ | ই-সেবা প্রবর্তন | জনবান্ধব ও প্রতিবন্ধকতামুক্ত সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে ই-সেবা প্রবর্তনের উপর গুরুত্বারোপ করা হয় এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও সদস্যগণ তাদের মতামত উপস্থাপন করেন। | জনগুরুত্বপূর্ণ সেবাসমূহ প্রদানে সেবা গ্রহীতার সময় ও আর্থিক সাশ্রয়ের লক্ষ্যে ই-সেবা কার্যক্রম বেগবান করতে হবে। | কর্মকর্তাবৃন্দ (মওপ্রা)/ দপ্তর/সংস্থা প্রধানগণ |
| ২.৫ | তথ্য-বাতায়ন হালনাগাদকরণ | বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে দপ্তর/সংস্থার বিভাগ/জেলা/ উপজেলার ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদ করতে হবে এবং পরবর্তী সভায় এ সংক্রান্ত ফিডব্যাক উপস্থাপন করতে হবে। | বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে দপ্তর/সংস্থার বিভাগ/জেলা/ উপজেলার ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধানগণ/ সিস্টেম এনালিস্ট |
| ২.৬ | আইন/ বিধিমালা প্রণয়ন | (ক) **"পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ (সংশোধন) আইন, ২০২৪":**<br>বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সংগনিরোধ (সংশোধন) আইন, ২০২৪ এর খসড়া পর্যালোচনার লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটিতে ০৯ জুন ২০২৪ তারিখে প্রেরণ করা হলে মন্ত্রিপরিষদ বিভাগ অন্তর্বর্তী সরকার গঠনের পরিপ্রেক্ষিতে খসড়া বিল পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফেরত প্রদান করেন। আইনের চূড়ান্ত খসড়াটি পুনরায় যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সংশোধনান্তে প্রেরণের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরকে অনুরোধ করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তর হতে প্রাপ্ত আইনের খসড়াটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। আগামী ০১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে তা মন্ত্রিপরিষদ বিভাগে পাঠাতে হবে।<br>(খ) **মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৪ প্রণয়ন:**<br>মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৪ প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন ফি ও মাসুল নির্ধারণপূর্বক ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অর্থ বিভাগের সম্মতির জন্য প্রেরণ করা হলে উক্ত ফি বিষয়ে অংশীজনের সাথে আলোচনাক্রমে করা হয়েছে কি না তা অবহিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ পরিপ্রেক্ষিতে প্রস্তাবিত ফি বিষয়ে অংশীজনের সাথে আলোচনাক্রমে তা পুনরায় প্রেরণের জন্য গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। গত ০৫ ডিসেম্বর ২০২৪ তারিখে উক্ত বিধিমালার বিভিন্ন ফি নির্ধারণ সংক্রান্ত অংশীজনের সভার | (ক) স্টেকহোল্ডারদের সাথে দ্রুত সভা আয়োজনপূর্বক যথাযথ প্রক্রিয়ায় খসড়া আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের যাচাই-বাছাই কমিটিতে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>**(খ)** স্টেকহোল্ডারদের সাথে পরামর্শক্রমে ফি ও মাসুল নির্ধারণ সংক্রান্ত প্রস্তাব মন্ত্রণালয়ে অনতিবিলম্বে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) ও মহাপরিচালক (প্রাণিসম্পদ)/ যুগ্মসচিব (আইন)<br>অতিরিক্ত সচিব (মৎস্য) ও মহাপরিচালক (মৎস্য) |

২

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| | | কার্যবিবরণী এবং প্রস্তাবিত ফিসমূহ মৎস্য অধিদপ্তর হতে প্রেরণ করা হয়েছে। ২৮ নভেম্বর ২০২৪ তারিখের মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মূলনথিসহ সংশ্লিষ্ট কাগজাদি মৎস্য অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| | | (গ) **মৎস্যখাদ্য বিধিমালাঃ** মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪ এর গেজেট ১১ ডিসেম্বর ২০২৪ তারিখ প্রকাশিত হয়েছে। আগামী সভার কার্যপত্র থেকে বাদ দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। | (গ) মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪ এর গেজেট ১১ ডিসেম্বর ২০২৪ তারিখ প্রকাশিত হওয়ায় আগামী মাসিক সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | |
| | | (ঘ) **মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ (The Protection and Conservation of Fish Act, 1950):** এ আইন সংশোধনের খসড়ার বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে গত ১৯ নভেম্বর ২০২৪ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী আইনটির খসড়া মৎস্য অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। গত ২৮ নভেম্বর ২০২৪ তারিখে মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক (যাচাই-বাছাই কমিটি) প্রয়োজনীয় যাচাই-বাছাই ও সংশোধনপূর্বক চূড়ান্ত করে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মৎস্য অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (মৎস্য) জানান, এ বিষয়ে গত ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় আইনটি সংশোধনপূর্বক পুনরায় প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে তিনি জানান। | (ঘ) মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ সংশোধনপূর্বক পুনরায় প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (মৎস্য) ও মহাপরিচালক (মৎস্য) |
| ২.৭ | দপ্তর/সংস্থার অধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি পরবর্তী সভার কার্যপত্রের পৃথক কলামে পরিদর্শনকালীন সুপারিশসমূহের উপর এ মন্ত্রণালয়ের মতামত অন্তর্ভুক্তির জন্য নির্দেশনা প্রদান করেন। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও বাজেট) জানান, ইতঃপূর্বে মেরিন ফেশারিজ একাডেমি কর্তৃক প্রস্তাবিত ডিপিপি এর উপর পরিকল্পনা কমিশন হতে ব্যাখ্যা চাওয়া হয়েছে। সভাপতি ব্যাখ্যাসমূহের জবাব প্রস্তুতকরত: পুনরায় প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখাসহ পরিদর্শনকালীন সুপারিশসমূহের উপর এ মন্ত্রণালয়ের (সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক) মতামত পৃথক কলামে অন্তর্ভুক্ত করতে হবে। | সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (প্রশাসন) |
| ২.৮ | অডিট আপত্তি | সভাপতি আগামী সভার কার্যপত্রে দপ্তর/সংস্থার ক্যাটাগরিভিত্তিক অডিট আপত্তির (SFI ও Non-SFI) তথ্য উপস্থাপনের জন্য বলেন। অডিট আপত্তি নিষ্পত্তিতে অনুবিভাগভিত্তিক ০৪টি sub-committee গঠনপূর্বক নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজনের জন্য | আগামী সভার কার্যপত্রে দপ্তর/সংস্থার ক্যাটাগরিভিত্তিক অডিট আপত্তির (SFI ও Non-SFI) তথ্য উপস্থাপনসহ অডিট আপত্তি নিষ্পত্তিতে অনুবিভাগভিত্তিক ০৪টি sub- | অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও বাজেট)/ সংস্থা প্রধান (সকল) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আহবান জানান। | committee গঠনপূর্বক নিয়মিত ত্রিপক্ষীয় সভা আয়োজন করতে হবে। | ○ |
| ২.৯ | মামলা নিষ্পত্তি | সভাপতি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় চলমান মামলাসমূহের গুরুত্ব বিবেচনাপূর্বক মামলাসমূহ পরিচালনার্থে প্যানেল আইনজীবী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে উপসচিব (আইন)-কে সংশ্লিষ্ট মামলাসমূহ যাচাই-বাছাই করার জন্য বলেন। | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় চলমান মামলাসমূহের গুরুত্ব বিবেচনাপূর্বক মামলাসমূহ পরিচালনার্থে প্যানেল আইনজীবী নিয়োগ করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ২.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। কর্মকর্তাদের পিডিএস পর্যালোচনা করে অবসর গ্রহণের নূন্যতম ০১ (এক) মাস পূর্বে কর্মকর্তাকে অবহিতকরণ সংক্রান্ত পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির জন্য এবং কর্মকর্তাদের পিএমএস পর্যালোচনা করে অবসর গ্রহণের নূন্যতম ০১ (এক) মাস পূর্বে কর্মকর্তাকে অবহিতকরণ সংক্রান্ত পত্র প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২)/ সংস্থা প্রধান (সকল) |
| ২.১১ | ই-নথি/ডি-নথি | দপ্তর/সংস্থার ডি-নথির কার্যক্রম ১০০% রাখার নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে প্রণয়নকৃত ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুসরণ করে আবশ্যিকভাবে ডি-নথিতে নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থা হতে প্রণয়নকৃত ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুসরণ করে আবশ্যিকভাবে ১০০% করার নির্দেশনা প্রদান করা হয়। | ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য তালিকা হতে শতভাগ (১০০%) নথির কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করতে হবে। | সংস্থাপ্রধান (সকল) |
| ২.১২ | ইনোভেশন | ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী সকল দপ্তর/সংস্থা আবশ্যিকভাবে কর্মশালা আয়োজন এবং ইতোপূর্বে উদ্ভাবিত ইনোভেশন চালু রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী দপ্তর/সংস্থার ইনোভেশন চিহ্নিতকরণের জন্য কর্মশালা আয়োজনপূর্বক ইতোপূর্বে বাস্তবায়িত ইনোভেশন চালু রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাপ্রধান (সকল)/ সিস্টেম এনালিস্ট |
| ২.১৩ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ২০২৪-২৫ অর্থবছরের জন্য দপ্তর/সংস্থার প্রস্তুতকৃত মডিউল/শিডিউল অনুযায়ী গ্রেডভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের জন্য দপ্তর/সংস্থার প্রস্তুতকৃত মডিউল/শিডিউল অনুযায়ী গ্রেডভিত্তিক প্রশিক্ষণ মন্ত্রণালয়কে অবহিত রেখে আয়োজনের ব্যবস্থা করতে হবে। | সংস্থাপ্রধান (সকল)/ যুগ্মসচিব (প্রশাসন) |
| ২.১৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন দপ্তর/সংস্থা কর্তৃক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি ২০২৫ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ৩০ জানুয়ারি ২০২৫ এর মধ্যে অর্ধ-বার্ষিক | দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২৪-২৫ এর কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০২৫ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংস্থাপ্রধান (সকল)/ যুগ্মসচিব (পরিকল্পনা-১) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্রতিবেদন মূল্যায়ন করা হবে। | | |
| ২.১৫ | অভিযোগ নিষ্পত্তি | সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ বিধি মোতাবেক নিষ্পত্তি করে সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখা এবং GRS software এ প্রস্তুতকৃত প্রতিবেদনের আলোকে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। উপসচিব (মৎস্য-২) এবং অভিযোগ প্রতিকার বিষয়ক বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলেন, এ বিষয়ে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কর্মশালা আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে আয়োজনের বিষয়টি মন্ত্রণালয়ের এপিএ-তে অন্তর্ভুক্ত রয়েছে। | সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণ এবং ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখাসহ জিআরএস এর ফিডব্যাক যথাসময়ে প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত কর্মশালা আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে আয়োজন করতে হবে। | সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (মৎস্য-৫) |
| ২.১৬ | অনিষ্পন্ন পত্র/বিষয় | দপ্তর/সংস্থার যেসকল পত্র এ মন্ত্রণালয়ে অনিষ্পন্ন রয়েছে তার হালনাগাদ তালিকা প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থার যেসকল পত্র এ মন্ত্রণালয়ে অনিষ্পন্ন রয়েছে তার হালনাগাদ তালিকা প্রেরণ করতে হবে। | অনুবিভাগ প্রধান(সকল)/ সংস্থাপ্রধান (সকল) |
| ২.১৭ | নিয়োগ সংক্রান্ত | দপ্তর/সংস্থার শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম দ্রুত শুরু ও নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি প্রাণিসম্পদ অধিদপ্তরের নিয়োগ বিজ্ঞপ্তি পুনঃপ্রকাশের জন্য বলেন। | দপ্তর/সংস্থার শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে বিজ্ঞপ্তি পুনঃপ্রকাশ করতে হবে। | অনুবিভাগ প্রধান(সকল)/ সংস্থাপ্রধান (সকল) |
| ২.১৮ | বিবিধ | সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের জন্য একটি উপযুক্ত স্লোগান নির্ধারণে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাসহ দপ্তর/সংস্থা প্রধানগণের মতামত গ্রহণের জন্য অনুরোধ জানান। প্রাথমিকভাবে স্লোগানের খসড়ার সফটকপি/হার্ডকপি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | আগামী সভার পূর্বে মন্ত্রণালয়ের স্লোগান নির্ধারণের প্রস্তাব প্রেরণ করেতে হবে। | অনুবিভাগ প্রধান(সকল)/ সংস্থা প্রধান (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪.১২.২০২৪

এম এ আকমল হোসেন আজাদ
সিনিয়র সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়